# ANSWER KEY

উঃ-(২)(ক) ‘‘মা আমার’’ কবিতায় কবি কামিনী রায় এই কথাটি বলেছেন।

(খ) কবি তাঁর দেশকে মায়ের আসনে বসিয়েছেন। সেই দেশমাতৃকার প্রতি কবির অনেক কর্তব্য আছে - এই কথা ভেবে তিনি সম্পূর্ণভাবে দেশের কাজে নিজেকে নিয়োজিত করতে চান। তাই কবি যেদিন থেকে দেশসেবাকে জীবনের মুখ্য উদ্দেশ্য বলে মনে করেছেন সেদিন থেকেই তিনি তাঁর জীবনের সুখ-দুঃখকেও বিসর্জন দিয়েছেন এবং কবি দেশমাতার কথা ছাড়া আর কিছুই ভাবতে চান না।

(গ) কবি তাঁর জন্মভূমি অর্থাৎ ভারতমাতাকে ‘‘দুঃখিনী’’ বলেছেন। প্রায় দুশো বছর বা তারও বেশী সময় আমাদের দেশ ভারতবর্ষ ব্রিটিশ-শাসিত ছিল। স্বাধীনতার সুখ থেকে বঞ্চিত ছিল। পরাধীনতা যেমন দুঃখজনক তেমনই অপমানজনক ছিল। সেই জন্য কবি দেশমাতাকে ‘দুঃখিনী’ বলেছেন।

উঃ(৩) **<u>নীচের শব্দগুলির অর্থ লেখো :-</u>**

| | |
|---|---|
| অবসর - সময় | হিয়া - হৃদয় |
| অনিবার - অনবরত | বিসর্জন - ত্যাগ |
| বিষাদময় - দুঃখময় | কলঙ্ক - কালিমা |
| ডালি - নিবেদন | |

উঃ(৪) **<u>শূন্যস্থান পূরণ করো :-</u>**

(ক) ছোটোখাটো **<u>সুখদুঃখ</u>** -কে **<u>হিসাব</u>** রাখে তার।

(খ) **<u>যত</u>** দিনে না ঘুচিবে তোমার **<u>কলঙ্কভার</u>** , থাক **<u>প্রাণ</u>** , **<u>যাক</u>** প্রাণ -মা আমার , **<u>মা</u>** **<u>আমার।</u>**

(গ) **অতীতের** কথা কহি **বর্তমান** যদি যায় , সে **কথাও** কহিব না , হৃদয়ে **জপিব** তায়।

(ঘ) **গাহি** যদি কোনো গান , গাব তবে **অনিবার**।

## পাঠমালা :- Desk work

## জ্ঞানমূলক প্রশ্ন :- পৃষ্ঠা - ৮

উঃ(৩)(ক) সে কথা বলতে কবি তাঁর দেশমাতা ভারতবর্ষের অতীত গৌরবের কথা বলতে চেয়েছেন।

অতীতকাল থেকে বহু জাতি নানা ধর্ম ও ভাষা নিয়ে ভারতে এসেছে কিন্তু দেশমাতা তাদের নিজের করে নিয়েছে এবং নানা বৈচিত্র্যের মধ্যেও ঐক্য স্থাপন করেছে।

(খ) কবির ধারণা , দেশের অতীত যেন বর্তমানের কোন কাজকর্মে বাধা হয়ে না দাঁড়ায়। কবি নিজেকে দেশের কাজে সমর্পণ করেছেন। অতীতের গৌরবগাথা স্মরণ করে বর্তমানে দেশের স্বাধীনতার কাজে অবহেলা করতে তিনি চান না। তাই কবি সে কথা বলতে অনিচ্ছুক।

(গ) কবি দেশের অতীত গৌরবের কথা মনের মধ্যে গোপনে জপ করতে বলেছেন।

(ঘ) বর্তমানে কবি পরাধীন দেশের মানুষ। স্বাধীনতার সুখ থেকে বঞ্চিত হওয়া যে কতখানি দুঃখের তা কবি নিজের দেশকে মায়ের আসনে বসিয়ে বোঝার চেষ্টা করেছেন। এটাই তাঁর হৃদয়কে বিষাদময় করে তুলেছে।

**প্রয়োগমূলক ও ব্যাকরণভিত্তিক প্রশ্ন :- পৃষ্ঠা - ৮ ও ১০**

উঃ(ক) **নীচের শব্দগুলি দিয়ে বাক্য রচনা করো :-**

**হাসি** - ছেলেটির কান্ডকারখানা দেখে আমার খুব হাসি পাচ্ছিল ।

**অবসর** - পড়াশোনার চাপে পড়ে আমি খেলা করার অবসর পাই না।

**দুঃখ** - দুঃখ না থাকলে সুখের কোন গুরুত্ব আমরা বুঝতে পারি না।

**অতীত** - অতীতের কথা ভেবে মন খারাপ করে কোন লাভ হয় না।

**প্রাণ** - আমার প্রাণ থাকতে আমি শিশুটির ওপর কোন অন্যায় হতে দেব না।

উঃ(ঙ) **নীচে দেওয়া শব্দগুলির বিপরীত শব্দ কবিতা থেকে নিয়ে বসাও :-**

| | |
|---|---|
| মরণ - বাঁচন | সুখ - দঃখ |
| আবাহন - বিসর্জন | কান্না - হাসি |
| ভবিষ্যৎ - বর্তমান | বাঁচিব - মরিব |

**পাঠমালা :- Reader Book**
**বাড়ির কাজ পৃষ্ঠা - ১৫**

**নৈর্ব্যক্তিক ও ব্যাকরণভিত্তিক** প্রশ্নাবলি **:-**

উঃ(৪) **নীচের শব্দগুলির পদ পরিবর্তন করো :-**

জীবন - জীবিত , বিসর্জন - বিসর্জিত , দুঃখ - দুঃখিত ,

হিসাব - হিসাবি , কথা - কথিত।

**উঃ(৭) ঠিক উত্তরের পাশে ( √) চিহ্ন ও ভুল উত্তরের পাশে ( ×) চিহ্ন দাও :-**

(ক) ...........√............

(খ) ..........×..........

(গ) ........√..........

(ঘ) ........√............